

প্রস্তাবিত ক্লাস অ্যাকশন নিষ্পত্তি (CLASS ACTION SETTLEMENT)-এর বিজ্ঞপ্তির সারসংক্ষেপ

যদি MEL HARRIS & ASSOCIATES, LLC/LR CREDIT দাবি করে যে আপনার একটি ঋণ আছে
তাহলে আপনি একটি ক্লাস অ্যাকশন নিষ্পত্তি (CLASS ACTION SETTLEMENT)-এর অংশ হতে পাবেন

এই মামলাটি কী বিষয়ে? আমি কি মামলাটির অংশ?

এটি হল Sykes v. Mel S. Harris and Associates, LLC, No. 09 Civ. 8486 (S.D.N.Y.) নামে পরিচিত একটি ক্লাস অ্যাকশন মামলাতে (class action lawsuit) বিবাদী (LR Credit, Mel Harris & Associates, LLC ও Samserv)-এর সাথে প্রস্তাবিত নিষ্পত্তির একটি বিজ্ঞপ্তি। বিবাদীগণ অন্যপক্ষের অনুপস্থিতিতে বিচারের রায় পাওয়ার জন্য আদালতে কথিতরূপে মিথ্যা হলফনামা জমা দেওয়ার মাধ্যমে আইন লঙ্ঘন করেছেন এমন দাবিগুলির নিষ্পত্তি করতে তারা সম্মত হয়েছেন। বিবাদীগণ অস্বীকার করেন যে তারা ভুল কোনো কিছু করেছিলেন। বাদীপক্ষের দাবিগুলির সারবত্তা আছে কিনা সেই সিদ্ধান্ত আদালত নেন নি।

নিষ্পত্তির অংশ হতে হলে, আপনার অবশ্যই এমন একটি উপভোক্তা ঋণ থাকতে হবে যেটি LR Credit-এর মালিকানাভুক্ত ছিল। অন্যান্য ঋণগুলি নিষ্পত্তির অংশ নয়।

আপনি নিষ্পত্তির অংশ কিনা তা যাচাই করার জন্য www.sykesclassaction.com-এ দেখতে পারেন বা (877) 868-0034 নম্বরে পরিচালককে ফোন করতে পারেন।

নিষ্পত্তি কী প্রদান করে?

আর্থিক নিষ্পত্তি: নিষ্পত্তি আদালতের দ্বারা চূড়ান্তভাবে অনুমোদিত না হওয়া পর্যন্ত \$54,492,500 অর্থ এবং তৎসহ সংগৃহীত অতিরিক্ত অর্থ নিষ্পত্তি করতে বিবাদীপক্ষ সম্মত হয়েছে। শ্রেণী সদস্যগণ (Class members) যারা LR Credit-কে অর্থপ্রদান করেছিলেন অথবা LR Credit অন্যপক্ষের অনুপস্থিতিতে তাদের বিচারের রায়গুলি বিক্রয় করেছিল তারা আর্থিক নিষ্পত্তির কিছুটা পাওয়ার যোগ্য (আদালত-অনুমোদিত খরচগুলি বাদ দেওয়ার পরে)। একটি সূত্র অনুসারে অর্থ বিভাজন করা হবে যা অবশ্যই আদালতের দ্বারা অনুমোদিত হতে হবে। অর্থ পাওয়ার জন্য যোগ্যতাসম্পন্ন শ্রেণী সদস্যদের অবশ্যই একটি দাবির ফর্ম (Claim Form) জমা দিতে হবে যা এপ্রিল 7, 2016-এর মধ্যে গৃহীত হতে হবে। আপনি www.sykesclassaction.com থেকে একটি দাবির ফর্ম পেতে পারেন।

স্বগিতাদেশ সংক্রান্ত নিষ্পত্তি: যদি নিষ্পত্তি আদালতের দ্বারা অনুমোদিত হয়, তাহলে LR Credit এটির সকল ঋণকে বাদীদের দ্বারা নির্বাচিত একটি সত্তাকে হস্তান্তরিত করবে, যে সময় থেকে এইসকল ঋণের জন্য অর্থসংগ্রহ চিরতরে বন্ধ হবে, এবং LR Credit যে সকল বিচারের রায় পেয়েছে সেগুলি নাকচ করতে চেষ্টা করার জন্য বাদীরা নিউ ইয়র্ক স্টেট আদালতগুলির সাথে কাজ করবে। আপনার LR Credit ঋণের জন্য অর্থসংগ্রহ করা বন্ধ করার জন্য আপনার কোনো দাবির ফর্ম জমা দেওয়ার প্রয়োজন নেই।

নিষ্পত্তি অবশ্যই আদালতের দ্বারা অনুমোদিত হতে হবে। নিষ্পত্তি অনুমোদিত না হলে যোগ্য শ্রেণী সদস্যরা কোনো অর্থ পাবেন না। 2016 সালের গ্রীষ্মের কোনো এক সময় না আসা পর্যন্ত (যত শীঘ্র সম্ভব) এটি ঘটবে না। LR Credit ঋণগুলির জন্য অর্থসংগ্রহ করা এখনো মত বন্ধ করা হচ্ছে, এবং নিষ্পত্তি অনুমোদিত হলে চিরতরে বন্ধ হবে। আপনি যদি LR Credit ঋণের জন্য অর্থপ্রদান করে চলেণ, তাহলে এখন আপনার তা বন্ধ করা উচিত।

আমার অন্যান্য অধিকারগুলি কী কী?

আপনি যদি একজন শ্রেণী সদস্য হন, তাহলে আপনার আইনি অধিকারগুলি প্রভাবিত হবে, আপনি পদক্ষেপ নিন বা না নিন। আপনার বিকল্পগুলি এখানে দেওয়া হল:

- নিষ্পত্তি আওতায় থাকা।** আপনি যদি কিছুই না করেন অথবা একটি দাবির ফর্ম জমা দেন, তাহলে আপনি LR Credit-এর পক্ষ থেকে ঋণের জন্য অর্থসংগ্রহের কাজকর্ম প্রসঙ্গে বিবাদীদের বিরুদ্ধে দাবিগুলি করার আইনি অধিকার পরিত্যাগ করেন। নিষ্পত্তি থেকে অর্থ পাওয়ার জন্য যোগ্য শ্রেণী সদস্যদের অবশ্যই একটি দাবির ফর্ম (Claim Form) জমা দিতে হবে যা এপ্রিল 7, 2016-এর মধ্যে গৃহীত হতে হবে। আপনিও নিষ্পত্তির ক্ষেত্রে আপত্তি করতে পারেন বা মন্তব্য করতে পারেন, এবং আদালতে উপস্থিত হওয়ার অধিকার আপনার আছে। সকল আপত্তিগুলি অবশ্যই লিখিতভাবে জানাতে হবে এবং এপ্রিল 14, 2016-এর মধ্যে গৃহীত হতে হবে।
- অর্থ নিষ্পত্তি থেকে “নিজে থেকে বাইরে রাখা (Opt out)”।** যোগ্য শ্রেণী সদস্যরা অর্থ নিষ্পত্তি থেকে নিজে থেকে বাইরে রাখতে পারেন এবং বিবাদীর থেকে অর্থ খেসারত আদায় করতে মামলা করার জন্য তাদের থাকা যে কোনো অধিকার বজায় রাখতে পারেন। যে সকল শ্রেণী সদস্যরা নিজেদেরকে অর্থ নিষ্পত্তির বাইরে রাখেন তারা তা সন্তোষেও স্বগিতাদেশ সংক্রান্ত নিষ্পত্তির জন্য শ্রেণী সদস্য হয়ে থাকেন, যার অর্থ হল (a) আপনার LR Credit ঋণের জন্য অর্থসংগ্রহ চিরতরে বন্ধ হবে, এবং (b) আপনি LR Credit ঋণগুলির প্রসঙ্গে স্বগিতাদেশ সংক্রান্ত অব্যাহতির জন্য বিবাদীর বিরুদ্ধে অন্য একটি মামলা আনতে পারবেন না। অর্থ নিষ্পত্তির বাইরে থাকার জন্য সকল অনুরোধগুলি অবশ্যই লিখিতভাবে জানাতে হবে এবং এপ্রিল 14, 2016-এর মধ্যে গৃহীত হতে হবে। *যে সকল শ্রেণী সদস্যরা নিজেদেরকে নিষ্পত্তির বাইরে রাখবেন তারা কোনো অর্থ পাবেন না।*

নিষ্পত্তি অনুমোদন করা হবে কিনা আদালত সেই সিদ্ধান্ত ন্যায় বিচারের শুনানিতে নেবেন, বর্তমানে যার সময়সূচি হল **11 মে, 2016** সকাল 11:00টা, স্থান United States District Court for the Southern District of New York, ঠিকানা 40 Foley Square, New York, New York, 10007, আদালত-কক্ষ (Courtroom) 519। আদালত সকল শ্রেণী সদস্যদের প্রতিনিধিত্ব করার জন্য ক্লাস কাউন্সেল নিয়োগ করেছেন। ক্লাস কাউন্সেলকে নিষ্পত্তির তহবিল থেকে অর্থপ্রদান করা হবে: আপনাকে কোনো খরচ দিতে হবে না। আপনি নিজ খরচে নিজের উকিলকেও নিযুক্ত করতে পারেন।

এটি শুধুমাত্র প্রস্তাবিত নিষ্পত্তির একটি সারসংক্ষেপ। আরো তথ্য এবং একটি দাবির ফর্মের জন্য:

ফোন করুন: (877) 868-0034 দেখুন: www.sykesclassaction.com

একজন নিরপেক্ষ পরিচালকের দ্বারা দাবিগুলি পরিচালিত হবে। অনুগ্রহ করে আদালত বা বিবাদীদের সাথে যোগাযোগ করবেন না।